

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে কনটেম্পোরারি ইস্যুজ ইন একাউন্টিং শীর্ষক সেমিনার

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে ব্যবসা-

প্রশাসন বিভাগের উদ্যোগে কনটেম্পোরারি ইস্যুজ ইন একাউন্টিং শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার অনু-ষ্ঠিত সেমিনারে প্রধান আলোচক ছিলেন কলকাতা বিশ্ববিদ্যালয়ের কমার্স বিভাগের সাবেক



ড. ভবতোষ ব্যানার্জি

প্রধান এবং ইন্ডিয়ান একাউন্টিং এসোসিয়েশন রিসার্চ ফাউন্ডেশনের প্রেসিডেন্ট অধ্যাপক ড. ভবতোষ ব্যানার্জি। তিনি ইন্ডাস্ট্রির অস্পর্শনীয় সম্পদ, যেমন, কাস্টমার রিলেশন, নিউ প্রোডাক্ট, কাস্টমার স্যাটিসফেকশন, এমপ্পয়ি স্কিলস প্রভূ তির ব্যবস্থাপনার ব্যাপারে আলোচনা করেন। তিনি এসব সম্পদ ব্যবহারের বিভিন্ন রকম চ্যালেঞ্জ সম্পর্কে বিবরণ

> দেন। ম্যানেজমেন্টের দুটো থিওরি- মাইকেল পোরটার্সের ভ্যালু চেইন এপ্রোচ এন্ড এনালাইসিস অব কম্পিটিটিভনেস এবং রবিন কুপার্সের কনফ্রন্টেশন স্টাটেজি নিয়েও তিনি আলোকপাত করেন। সেমিনারে উপস্থিত ছিলেন থ্রিমিয়ার ইউনিভার্সিটির

ট্রেজারার প্রফেসর একেএম

তফজল হক, ব্যবসা-প্রশাসন বিভাগের অধ্যাপক অমল ভূষণ নাগ ও ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন প্রফেসর এম. মঈনুল হক। সেমিনারে ব্যবসা-প্রশাসন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন।-বিজ্ঞপ্তি

Ref: Daily Purbokone, Date: 18 October 2022, Page: 3, Col: 5 https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2022-10-18